



মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।

## প্রেস রিলিজ

মোঃ মাকরুজ্জামান  
জনসংযোগ কর্মকর্তা  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ।  
মোবাঃ ০১৭৪০-৬২৫৭৪০  
ই-মেইল: [prompa6@gmail.com](mailto:prompa6@gmail.com)  
ওয়েব: [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)

### মোংলা বন্দর কর্তৃপক্ষের জাতীয় শোক দিবস উদ্‌যাপন

১৫ ই আগষ্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী “জাতীয় শোক দিবস” উপলক্ষে প্রতি বছরের ন্যায় এবারও মোংলা বন্দর কর্তৃপক্ষের আওতাধীন মোংলা ও হিরণপয়েন্টে বিশেষ কর্মসূচি পালন করা হয়। সকাল ১০:০০ টায় মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কমডোর এ কে এম ফারুক হাসান এর সভাপতিত্বে কর্তৃপক্ষের সভাকক্ষে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, আধুনিক বাংলাদেশের রূপকার ও বাঙালী জাতির অবিসংবাদিত নেতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ সকল শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি, আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, মোহাম্মদ গোলাম মোস্তফা, (যুগ্ম সচিব), সদস্য অর্থ, ওহিউদ্দিন চৌধুরী, সচিব, মবক, বিভাগীয় প্রধানগণ, অন্যান্য কর্মকর্তা-কর্মচারী, সিবিএ ও বন্দরে কর্মরত বীর মুক্তিযোদ্ধারা।

জাতীয় শোকদিবসের কর্মসূচির মধ্যে আরো ছিল সর্বোদয়ের সাথে সাথে বন্দরের নিয়ন্ত্রণাধীন প্রধান কার্যালয়, স্কুল সমূহে, আবাসিক ভবনসহ অন্যান্য বাসভবন, খুলনাস্থ বন্দর কার্যালয়, পোর্ট হাউজ, হিরণপয়েন্টসহ অফিস ও রেস্ট হাউজে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। বন্দর ভবন পোর্ট জেটি, মোংলা ও খুলনা মেইন গেটে জাতীয় শোক দিবসের ব্যানার টানানো শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সাথে সংগতি পূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাংকণ প্রতিযোগীতা, চিত্র প্রদর্শন, হামদ ও নাট প্রতিযোগীতা যোহর বাদ কর্তৃপক্ষের স্থায়ী বন্দর এলাকাস্থ কেন্দ্রীয় জামে মসজিদ, পুরাতন মোংলাস্থ জামে মসজিদ, খুলনাস্থ বন্দর জামে মসজিদ ও হিরণপয়েন্ট জামে মসজিদে দোয়া মাহফিল এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাতের মধ্যদিয়ে দিনব্যাপী কর্মসূচী পালিত হয়।